# উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার আগস্ট/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ মিলনায়তন। |
| তারিখ ও সময় | ঃ ২৯-০৮-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে ডেঙ্গুর প্রাদুর্ভাব চলছে। তবে বিগত মাসের তুলনায় রোগী ভর্তি কমেছে। হাসপাতালে পুরুষ ও মহিলাদের জন্য আলাদা ডেঙ্গু ওয়ার্ড চালু আছে। গত দুই মাসে ৬০ জন রোগী ভর্তি হয়েছেন এবং সবাই সুস্থ্য হয়ে বাড়ী ফিরে গিয়েছেন। স্কুল পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা ও ডেঙ্গু সচেতনতা কার্যক্রম চলমান রয়েছে। স্বাস্থ্য সহকারী ও পরিবার কল্যাণ সহকারীগণ স্বাস্থ্য শিক্ষা ও ডেঙ্গু সচেতনতা বিষয়ে কার্যক্রম পরিচালনা করছে। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ডেঙ্গু সচেতনতা কার্যক্রম এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি ঋণ পেতে আগ্রহী কৃষকদের উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করতে বলা হয়। এ বিষয়ে জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার। |
| ৩। **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৪। **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া তিনি চরফকিরা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের সামনের রাস্তা মেরামত করে দেয়ার জন্য এবং চরকাঁকড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের পানির লাইন তৈরি করে দেয়ার জন্য উভয় ইউনিয়নের চেয়ারম্যানদ্বয়কে ধন্যবাদ জানান। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৫। **মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চরপার্বতী ইউনিয়নের ছোট ফেনী নদীর মৃত অংশ অভয়াশ্রম মেরামতের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। মৎস্য সপ্তাহ/২০২৩ উদ্‌যাপনে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। ৬৫ দিন সমুদ্রে মাছ ধরা বন্ধ থাকার কারনে জেলেদের ভিজিএফ বিতরন সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬। **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৭। **এলজিইডি ঃ**<br>(ক) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (এডিপি) বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ স্কীম দাখিল করার জন্য প্রস্তাব করেন। | (ক) ২০২৩-২৪ অর্থবছরের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে যথাসময়ে এডিপি'র স্কীম দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | |
|---|---|---|
| (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, রাজারপুর- সিরাজপুর সড়ক হতে পৌরসভা সড়ক (শহীদ কামাল হাই স্কুল সড়ক) (আইডি-৪৭৫২১৫০৬৫) সিরাজপুর ইউনিয়নের মুক্তিযোদ্ধা জনাব মোঃ কামাল উদ্দিন, পিতা মৃত-মুন্সী আবদুল হক, বড় রাজাপুর (০২০৯০৩০০৫০) নামে নাম করণের জন্য আবেদন করেন। বর্তমানে রোড ইনভেনটরিতে রাস্তাটি মুক্তিযোদ্ধার নামে অন্তর্ভূক্ত করার কোন প্রকার সুযোগ না থাকায় অন্তর্ভূক্তি করা সম্ভব হচ্ছে না। | (খ) উক্ত সড়কটি মুক্তিযোদ্ধা জনাব মোঃ কামাল উদ্দিন এর নামে নামকরণের নিমিত্তে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের মতামতের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৮। **মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৯। **সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ২০২৩-২৪ অর্থবছরের সরকারি রাজস্ব অডিট ফি ও সিডিএফ ১০০% আদায় সম্পূর্ণ হয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১০। **খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১। **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। । | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১২। **পরিসংখ্যান বিভাগ ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৩। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ** উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, শেখ রাসেল ডিজিটাল ল্যাব ২য় পর্যায়ের সকল প্রতিষ্ঠানে প্রিন্টার ও স্ক্যানার প্রদান করা হয়েছে। ৬০ জন শিক্ষকের প্রশিক্ষণ এর সকল তথ্য এমআইএস সফটওয়্যারে এন্ট্রি এবং প্রেরণ করা হয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| ১৪। **যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫। **বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে,<br>১। চলতি অর্থবছরে অত্র উপজেলায় সুফল প্রকল্পের অর্থায়নে বিভিন্ন প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ, শিক্ষা প্রতিষ্ঠান বীর মুক্তিযোদ্ধা আশ্রয়ন প্রকল্প ও জনসাধারণের মাঝে বিনামূল্যে বিতরণের লক্ষ্যে বিভিন্ন প্রজাতির ৫১৬৭টি চারাগাছ উৎপাদন করা হয়েছে।<br>২। ১৫ আগস্ট ২০২৩ তারিখে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে ৫টি করে বিভিন্ন প্রজাতির চারাগাছ বিনামূল্যে বিতরন করা হয়েছে।<br>৩। বিভিন্ন প্রতিষ্ঠান, বীর মুক্তিযোদ্ধা ও জনসাধারণের মাঝে বিনামূল্যে বিভিন্ন প্রজাতির চারাগাছ বিতরন করা হয়।<br>৪। ইউনিয়ন পরিষদ ও শিক্ষা প্রতিষ্ঠানে চারা বিতরণ অব্যাহত রয়েছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬। **জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭। **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানায় যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১৯। **বিদ্যুৎ বিভাগ:** আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২০। **ডিজিএম (পল্লী বিদ্যুৎ) :** ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় জানান যে, বর্তমানে চাহিদার বিপরীতে ৮০% বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে যার ফলে প্রতিটি ফিডারে লোডশেডিং করতে হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |

| | | |
|---|---|---|
| ২১। **পল্লী উন্নয়ন অফিস ঃ** পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে এবং খেলাপী ঋণ আদায়ে ক্রাশ প্রোগ্রাম অব্যাহত রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২২। **বিএডিসি বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২৩। **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে,<br>ক) ২০২২-২৩ অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের (কোড: ৭০১৬) অনাবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে বামনী আছিরিয়া ফাজিল মাদ্রাসা ও চৌধুরীহাট এম্তাজিয়া ইসলামিয়া মডেল দাখিল মাদ্রাসার তথ্য প্রেরণ করা হয়েছে।<br>খ) ২০২২-২৩ অর্থবছরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও পুনর্বাসন কাজে মুছাপুর উচ্চ বিদ্যালয় এবং সিরাজপুর উচ্চ বিদ্যালয়ের মেরামত কাজ বাবদ ২০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। যা এখন প্রাক্কলন প্রস্তুতের জন্য জরিপ কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) |
| ২৪। **তথ্য কেন্দ্র :** তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে,<br>ক) ডোর টু ডোর সেবা (প্রাথমিক স্বাস্থ্য সেবা, কৃষি ও ব্যবসায় সম্পর্কিত তথ্যসেবা, বাল্য বিবাহ, নারী নির্যাতন ও ডেঙ্গু বিষয়ক সচেতনতা সৃষ্টি) চলমান রয়েছে। বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনসহ বিভিন্ন প্রকার অনলাইন সেবা বিনামূল্যে প্রদান করা হচ্ছে।<br>খ) প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক উঠান বৈঠক বন্ধ আছে। এছাড়াত থ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২৫। চেয়ারম্যান, ০২ নং চরপার্বতী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার ইউনিয়নের ৪৫টি কাঁচা রাস্তায় ইট বসানোর জন্য এবং রাস্তার পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া চৌধুরীহাট ও কদমতলা কমিউনিটি ক্লিনিক সংস্কারের জন্য অনুরোধ জানান । | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৬। চেয়ারম্যান, ০৩ নং চরহাজারী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন তার ইউনিয়নে যেসকল রাস্তার সংস্কার কাজ করা হয়েছে সেগুলোর বেহাল অবস্থা যার ফলে সাধারণ মানুষের চলাচলে সমস্যা সৃষ্টি হচ্ছে। চরহাজারী ইউনিয়নে চলমান ব্রীজের নির্মাণ কাজ ও কমিউনিটি ক্লিনিকের সংস্কার কাজে অত্যন্ত নিম্ন মানের কাঁচামাল ব্যবহার করা হচ্ছে। এ বিষয়ে এলজিইডি কে অবহিত করা হলেও কোন ফল পাওয়া যায়নি তারাও ঠিকাদারদের পক্ষ নিয়ে কথা বলে। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৭। চেয়ারম্যান, ০৪নং চরকাঁকড়া ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে ৪নং ও ৫নং ওয়ার্ডে কাঁচা রাস্তাগুলো পাকা করা প্রয়োজন এবং পেশকারহাট থেকে রাস্তার মাথা পর্যন্ত পানি নিষ্কাশনের জন্য ড্রেন করা প্রয়োজন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৮। চেয়ারম্যান, ০৫ নং চরফকিরা ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নের ৯নং ওয়ার্ডের দিয়ারা বালুয়া গুচ্ছগ্রাম এলাকায় কিছু কালভার্ট প্রয়োজন যা নিয়ে এলজিইডির নিকট হতে কোন সদুত্তর পাওয়া যায়নি। চাপরাশির হাট বাজারে একটি পাবলিক টয়লেট করা প্রয়োজন এবং চাপরাশির হাট খাল পরিষ্কার করা প্রয়োজন। এছাড়া চাপরাশিরহাট সড়ক নির্মাণের ৬ মাসের মধ্যে সড়কটি অনেক জায়গায় গর্ত হয়ে গেছে তাই সড়কটি সিসি ঢালাই করার জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৯। চেয়ারম্যান, ০৭ নং মুছাপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, মুছাপুর বাংলাবাজার টু চৌধুরীবাজার রাস্তাটি নাজুক অবস্থায় রয়েছে। পানি নিষ্কাষনের ব্যাবস্থা না থাকায় সামান্য বৃষ্টিতে রাস্তাটিতে পানি জমে যায় যার ফলে রাস্তাটি নষ্ট হয়ে গেছে। তিনি উক্ত রাস্তাটি মেরামত ও পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩০। চেয়ারম্যান, ০৮ নং চরএলাহী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, চরএলাহী বেড়ীবাঁধ ভেঙ্গে যাওয়ায় ১০০-১৫০টি পরিবার ঝুঁকির মধ্যে রয়েছে এবং চরএলাহী হাসপাতালে টয়লেটসমূহ ব্যবহারের অযোগ্য হয়ে গেছে। উক্ত সমস্যাগুলো সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

<table>
<tr>
<td>৩১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, চরএলাহী ৬নং ওয়ার্ডে সারের ডিলার কর্তৃক সার পাচারের অভিযোগ রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করেন।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগ</td>
</tr>
<tr>
<td>৩২। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের (পুরাতন ভবন) নিচ তলার টয়লেটে ১ (এক)টি দরজা এবং ছাদের ১টি গ্রীলের দরজা স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(গ) উপজেলা পরিষদের সম্মুখের বাউন্ডারি ওয়াল এবং গেইট পরিষ্কার ও রং করণের বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঘ) ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) বর্তমান অফিস ভবনটি ভেঙ্গে ফেলা হবে বিধায় জরুরি ভিত্তিতে উপজেলা পরিষদ কমপ্লেক্সের (পুরাতন ভবন) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হিসেবে পূর্বে ব্যবহৃত কক্ষসমূহ হতে ২টি কক্ষ সাময়িকভাবে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) কর্তৃক ব্যবহারের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(ঙ) এ উপজেলায় প্রাকৃতিক দুর্যোগ/অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে সাহায্যের বিষয়ে আলোচনা করা হয়।
<table>
<tr><th>ক্র:নং</th><th>আবেদনকারী/সাহায্য প্রার্থীর নাম ও ঠিকানা</th><th>সাহায্যের পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>প্রধান শিক্ষক<br>কবি নজরুল ইসলাম একাডেমী, চরফকিরা<br>উপজেলা-কোম্পানীগঞ্জ, জেলা-নোয়াখালী</td><td>১০০০০০</td></tr>
<tr><td>০২</td><td>জনাব আবুল কাশেম<br>গ্রাম-চরকাঁকড়া, ০২নং ওয়ার্ড, একতা বাজার<br>উপজেলা-কোম্পানীগঞ্জ, জেলা-নোয়াখালী</td><td>১৫০০০</td></tr>
<tr><td>০৩</td><td>জনাব আবুল কালাম, পিতা-ইউছুপ আলী<br>গ্রাম-গুচ্ছগ্রাম দিয়ারা বালুয়া<br>উপজেলা-কোম্পানীগঞ্জ, জেলা-নোয়াখালী</td><td>১৫০০০</td></tr>
<tr><td>০৪</td><td>জনাব মো: আলমগীর<br>পিতা-ছেরাজল হক, গ্রাম-চরফকিরা ঘিনা ধোপা<br>৮নং ওয়ার্ড, উপজেলা-কোম্পানীগঞ্জ<br>জেলা-নোয়াখালী</td><td>১৫০০০</td></tr>
<tr><td>০৫</td><td>জনাব নূরুল ইসলাম, পিতা- মৃত নূর নবী চৌধুরী,<br>গ্রাম- বসুরহাট পৌরসভা, ৬নং ওয়ার্ড,<br>উপজেলা-কোম্পানীগঞ্জ, জেলা-নোয়াখালী</td><td>১৫০০০</td></tr>
</table>
</td>
<td>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের (পুরাতন ভবন) নিচ তলার টয়লেটে ১ (এক)টি দরজা এবং ছাদের ১টি গ্রীলের দরজা স্থাপনের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) উপজেলা পরিষদের সম্মুখের বাউন্ডারি ওয়াল এবং গেইট পরিষ্কার ও রং করণের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) বর্তমান অফিস ভবনটি ভেঙ্গে ফেলা হবে বিধায় জরুরি ভিত্তিতে উপজেলা পরিষদ কমপ্লেক্সের (পুরাতন ভবন) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হিসেবে পূর্বে ব্যবহৃত কক্ষসমূহ হতে ২টি কক্ষ অস্থায়ী ভিত্তিতে সাময়িকভাবে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) কর্তৃক ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয় উপজেলা পরিষদের প্রয়োজনের নিরীখে যে কোন সময় কক্ষ ২টি সিপিপি কর্তৃক ছেড়ে দিতে বাধ্য থাকবে।<br><br>(ঙ) এ উপজেলায় প্রাকৃতিক দুর্যোগ/অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ব্যক্তিবর্গকে উল্লিখিত হারে উপজেলা পরিষদ হতে আর্থিক সাহায্যের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ</td>
</tr>
</table>

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩-১৪৯৯ তারিখ ঃ ০৫ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, .............................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

মোঃ মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd